গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

উদ্ভাবনী ধারণা (Innovation Idea) প্রস্তাবনা ফরম (২০১৬)

ক্র.ন.	**সাধারণ তথ্যাবলী**	
১.	আবেদনকারীর নাম	**মো. শওকত আলী খান (হিরণ)**
২.	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম	মধ্য হাজিখালী ক্লাস্টার, পটুয়াখালী সদর, পটুয়াখালী।
৩.	ঠিকানা	ইউনিয়ন: মাদারবুনিয়া, উপজেলা: পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী।
৪.	ফোন/ মোবাইল নাম্বার	০১ ৭১৫ ১৬৪ ৯৫৯
৫.	ই-মেইল	shawkat.prs@gmail.com
	প্রকল্প প্রস্তাবনা	
৬.	প্রকল্পের নাম	**মধ্য হাজিখালী কোয়ালিটি ক্লাস্টার (Quality Cluster) বিনির্মাণ প্রকল্প**
৭.	প্রকল্পের সারাংশ (অনধিক ৫০ শব্দে)	ক্লাস্টারের প্রতিটি (১৮টি) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ‘বিদ্যালয় গ্রেডিং’ এর ১১টি ক্ষেত্রের ১০৯টি উপক্ষেত্রের মানোন্নয়ন করার মাধ্যমে সকল শিশুর মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণের লক্ষ্যে বছর ব্যাপি কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা। এ ক্ষেত্রে উন্নয়নের কৌশল হবে Whole School Improvement Approach সংক্ষেপে WSIA। অগ্রগতির মানদণ্ড হবে বিদ্যালয় গ্রেডিং এর প্রতিটি উপক্ষেত্র। লক্ষ্য হচ্ছে ইউনিয়নের সকল স্তরের শিক্ষক, জনপ্রতিনিধি, অভিভাবক, দানশীল ব্যক্তিসহ সর্বস্তরের জনগণ এবং ইউনিয়ন ও উপজেলা পরিষদের সরাসরি ও সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করণের মাধ্যমে প্রতিটি বিদ্যালয়ের উন্নয়ন ত্বরান্বিত করা।
৮.	প্রকল্পের যৌক্তিকতা	২০১৭ সালে যুগোপযোগী ও বাস্তবসম্মত ‘বিদ্যালয় গ্রেডিং নির্দেশিকা’ প্রণয়ন করা হয়েছে যা বিদ্যালয়ের সার্বিক উন্নয়ন ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণের মান দণ্ড হিসেবে বিবেচিত। এই ক্ষেত্রগুলো সম্পর্কে এখনো শিক্ষক ও সর্বস্তরের জনসাধারণের স্পষ্ট ধারণা না থাকায় তারা বিদ্যালয় উন্নয়নে তেমন অংশগ্রহণ করেন না। কখনোবা বিদ্যালয়ের সহকারী শিক্ষক, প্রধান শিক্ষক, এসএমসি এবং স্থানীয় জনপ্রতিনিধি, অভিভাবকবৃন্দের মাঝে বিদ্যালয় উন্নয়নে সমন্বয়হীনতা ও নির্লিপ্ততা লক্ষ্য করা যায়। অপর দিকে ইউনিয়ন পরিষদের বাজেটে প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নে বরাদ্দ রাখার কথা থাকলেও তা উল্লেখযোগ্য নয়। তাই বিদ্যালয়ের উন্নয়নে সকলের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য গ্রেডেশনের ক্ষেত্র ধরে ধরে উন্নয়ন সাধন করার বিশেষ প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

৯.	প্রকল্পের সুবিধাভোগী	মাদারবুনিয়া ইউনিয়নের ১৮টি প্রাথমিক বিদ্যালয়গামী ২৮৬৪ জন শিক্ষার্থী (বালক ১২৮০ জন, বালিকা ১৫৮৪ জন) এবং কর্মরত ৮৯ জন শিক্ষক।
১০.	সংক্ষেপে প্রকল্পের ফলাফল (Output)	ক্লাস্টারের প্রতিটি বিদ্যালয়ের গ্রেডিং নাম্বার বৃদ্ধি পাবে। বিদ্যালয়ের ভৌত অবকাঠামো, পরিবেশ ও পাঠদান পদ্ধতির উন্নয়ন ঘটবে। বিদ্যালয়ের সাথে স্থানীয় জনগণ, জনপ্রতিনিধ ও স্থানীয় সরকারের মধ্যে সুসম্পর্ক গড়ে উঠবে। জনঅংশগ্রহণ বৃদ্ধি পাবে। SLIP বাস্তবায়ন সহজতর ও ফলপ্রসূ হবে। বিদ্যালয়ের গ্রেডিং নাম্বার বৃদ্ধি পেয়ে প্রতি বিদ্যালয় 'এ' গ্রেডে উন্নিত হবে। চতুর্মাসিক ক্লাস্টার মুখপত্র প্রকাশিত হবে।
১১.	প্রাথমিক শিক্ষায় প্রকল্পের প্রভাব (Impact)	ক্লাস্টারের প্রতিটি বিদ্যালয়ের সার্বিক শিখন পরিবেশের উন্নয়ন হবে। শিখন শেখানো পদ্ধতির উন্নয়ন হবে। সকলের অংশগ্রহণের মধ্য দিয়ে বিদ্যালয়ের প্রতি অংশীজনের অংশীদারিত্ব প্রতিষ্ঠা হবে। সর্বপরি বিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিত করণের ফলে সকল শিশু নির্ধারিত প্রান্তিক যোগ্যতা অর্জন করবে।
১২.	প্রকল্পের মেয়াদ (মাস)	১৫ মাস (জানুয়ারি ২০১৮ থেকে মার্চ ২০১৯)
১৩.	পূর্বে আপনার জানামতে এই বিষয়ে কোন প্রকল্প আছে কি না?	নাই ।
১৪.	সংক্ষেপে কর্মপরিকল্পনা (বিস্তারিত কর্মপরিকল্পনা প্রকল্প প্রস্তাবনার সাথে সংযুক্ত করুন)	ইউনিয়ন পর্যায়ে ১টি ওয়ার্কশপ, ৪টি অগ্রগতি পর্যালোচনা সভা, ১টি র‌্যালি, ১টি শিক্ষক উৎসব অনুষ্ঠিত হবে। প্রতি বিদ্যালয়ে ১টি করে উপকরণ মেলা অনুষ্ঠিত হবে। ওয়ার্কশপের মাধ্যমে বিদ্যালয়ভিত্তিক চাহিদা নির্ধারণ করে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও জেলা পরিষদের নিকট দাবি পেশ করে তা অর্জনের চেষ্টা করা হবে এবং তাদের প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হবে। চার মাস অন্তর ক্লাস্টার মুখপত্র প্রকাশ এবং শিক্ষক ব্যক্তি ও প্রতিষ্ঠনকে পুরস্কৃত করা হবে। সকলের কর্মতৎপরতা ও আন্তরিকতা বৃদ্ধির জন্য নিয়মিত পরীরিক্ষণ ও মূল্যায়নের ব্যবস্থা থাকবে।

১৫.	কর্মপরিকল্পনার উল্লেখ্যযোগ্য ধাপসমূহ	ধাপ-১: গ্রেডেশনের বেইলাইন তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করা। ধাপ-২: ওয়ার্কশপের মাধ্যমে বিদ্যালয়ভিত্তিক এক বছরের অগ্রাধিকার নির্ণয় করে কর্মপরিকল্পনা প্রণয়ন করা। ধাপ-৩: বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষককে গ্রেডেশনের নির্দিষ্ট উপক্ষেত্র অর্জন ও উন্নয়নের জন্য দায়িত্ব বন্টন করা। ধাপ-৪: ইউনিয়ন, উপজেলা ও জেলা পরিষদের নিকট বিদ্যালয়ভিত্তিক চাহিদা ও দাবি উপস্থাপন করা। ধাপ-৫: ওয়ার্কসিট ও উপকরণ তৈরি করা এবং মেলা ও উৎসব আয়োজন করা। ধাপ-৬: প্রতি তিন মাস অন্তর অগ্রগতি মূল্যায়ন সভা করা ধাপ-৭: চার মাস অন্তর ক্লাস্টারের মুখপত্র প্রকাশ করা। ধাপ-৮: বছর শেষে বেইজলাইনের তথ্যের সাথে তুলনা করে বিদ্যালয়ভিত্তিক তথ্য উপস্থাপন ও নতুন গ্রেড প্রদান করা। ধাপ-৯: বিভিন্ন ক্ষেত্রে সাফল্যের জন্য ব্যক্তি ও বিদ্যালয়কে পুরস্কৃত করা। ধাপ-১০: পরবর্তী বছরের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করা।
১৬.	কী কারণে এই প্রকল্পটিকে উদ্ভাবনী (সময়, খরচ ও ভিজিটের আলোকে) বলে গণ্য করা হবে (সংক্ষেপে বর্ণনা করুন)	সমন্বয়সভা ও মূল্যায়ন সভার মাধ্যমে ১৮টি বিদ্যালয়ের শিক্ষক এসএমসি এবং ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের সাথে সুসম্পর্ক গড়ে তুলতে কম সময় প্রয়োজন হবে যা এককভাবে বিদ্যালয়ে করতে অনেক অর্থ ও সময়ের প্রয়োজন হয়। বিদ্যালয় উন্নয়ন ত্বরান্বিত ও সকল স্তরের অংশীজনদের সচেতন করতে এই প্রকল্প বিশেষ ভূমিকা রাখবে যা সমগ্র ইউনিয়নে একটি মানসম্মত শিক্ষা নিশ্চিত করণের আন্দোলনে রূপ নিবে। শিক্ষকদের মধ্যে পারস্পরিক যোগাযোগ ও অভিজ্ঞতা বিনিময় সহজতর হবে।
১৭.	প্রকল্পটি কি সম্প্রসারণযোগ্য?	হ্যাঁ
১৮.	প্রকল্পটি কীভাবে টেকসই হবে? (সংক্ষেপে ব্যাখ্যা করুন	এই প্রক্রিয়াটির সাথে স্থানীয় জনগন ও জনপ্রতিনিধি সম্পৃক্ত হবে বিধায় পরবর্তীতে তারাই এধরনের বিভিন্ন কর্মসূচি গ্রহণ করবেন ও বিদ্যালয়ের উন্নয়নে অংশ নিবেন। ইউনিয়ন পরিষদের বাজেটে প্রাথমিক শিক্ষা খাতে প্রকল্প বাস্তবায়ন বছরের অভিজ্ঞতার প্রতিফলন পরবর্তী বছরে দেখা যাবে। বিদ্যালয়ের গ্রেডেশন উন্নয়ন ও অপরিবর্তীত রাখার জন্য এসএমসি, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের মধ্যে সচেতনতা তৈরি হবে। যে যে উপক্ষেত্রসমূহ অর্জিত হবে তা স্থায়ীভাবে বিরাজমান থাকবে বা চলমান থাকবে কারণ এটির সাথে অংশীজনদের সরাসরি অংশগ্রহণের মাধ্যমে অর্জিত। পর্যাপ্ত শিক্ষা উপকরণ তৈরি ও সংরক্ষণ করে তা বারবার ব্যবহারের সুযোগ তৈরি হবে।
১৯.	প্রকল্পটি বাস্তবায়নে কী কী ঝুঁকির সম্ভাবনা আছে? কীভাবে তা নিরসন করা হবে?	শিক্ষকের উপর কাজের চাপ বেশি হলে তারা নিরুৎসাহিত হতে পারে, সে ক্ষেত্রে পুরস্কারের ব্যবস্থা রাখা হবে। অর্থের স্বল্পতা দেখা দিতে পারে, সেক্ষেত্রে বিভিন্ন উৎস থেকে অর্থ অর্জনের চেষ্টা করা হবে এবং পরিমিত ব্যয় ও সকল ধরনের ব্যয়ে স্বাচ্ছতা ও জাবদিহিতা নিশ্চিত করা হবে। জনগণ অংশগ্রহণে অনিহা প্রকাশ করতে পারে, সেক্ষেত্রে তাদের দানের স্বীকৃতির ব্যবস্থা রাখা হবে। শিক্ষাবর্ষ ও অর্থবছরের ব্যবধানে পরিষদের বাজেটে অর্থ বরাদ্দের সময়ের সমন্বয়হীনতা দেখা দিতে পারে, সেক্ষেত্রে প্রতিশ্রুতি আনুসারে বিদ্যালয় পর্যায়ে কর্মপরিকল্পনার সমন্বয় করা হবে।

	জনবল পরিকল্পনা	
২০.	প্রকল্পটি বাস্তবায়নে জনবল পরিকল্পনা (কত জন, কী কাজে, কত দিন নিযুক্ত থাকবেন?	নতুন জনবল প্রয়োজন হবে না। সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা অফিসার প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করবেন। ইউনিয়ন পর্যায়ে গঠিত বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ইউনিট প্রকল্প বাস্তবায়নে মূল ভূমিকা রাখবেন। সংশ্লিষ্ট বিদ্যালয়ের এসএমসি, প্রধান শিক্ষক, সহকারী শিক্ষাক ও অফিস সহায়ক নির্ধারিত কর্ম সম্পাদন করবেন।
	প্রয়োজনীয় বাজেট (সর্বোচ্চ ৫০,০০০ টাকা)	
২১.	জনবল বাজেট (প্রযোজ্য ক্ষেত্রে	নাই।
২২.	বাস্তবায়ন বাজেট (প্রযোজ্য ক্ষেত্রে)	১,৪০,০০০ (ইনোভেশন গ্রান্ড ৫০,০০০) টাকা মাত্র
	প্রস্তাবনার সাথে প্রয়োজনীয় সংযুক্তি (ঐচ্ছিক) (প্রদান করলে টিক দিন)	
২৩.	খাতভিত্তিক ব্যয় বিভাজন	√
২৪.	জনবল পরিকল্পনা (বিস্তারিত)	প্রজোয্য নয়
২৫.	সময় আবদ্ধ কর্মপরিকল্পনা (বিস্তারিত)	√
২৬.	প্রত্যাশিত ফলাফল ও প্রভাব (বিস্তারিত)	√
২৭.	পুরস্কার প্রদান নীতিমালা	√
২৮	ওয়ার্কশপ চেকলিস্ট	√
২৯	শিক্ষক উৎসব পরিকল্পনা	√

তারিখ: ২৭ নভেম্বর ২০১৭ | প্রস্তাবকারীর নাম ও স্বাক্ষর | গ্রহণকারীর স্বাক্ষর ও সিল

মো. শওকত আলী খান (হিরণ)
সহকারী উপজেলা শিক্ষা অফিসার
পটুয়াখালী সদর, পটুয়াখালী

মধ্য হাজিখালী কোয়ালিটি ক্লাস্টার (Quality Cluster) বিনির্মাণ প্রকল্প (উদ্ভাবনী ধারণা) এর

সময় আবদ্ধ কর্মপরিকল্পনা

ক্র.ন.	কার্যাবলির বিবরণ	সংখ্যা	নভে'১৭	ডিসে'১৭	জানু'১৮	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগ	সেপ্টে	অক্টো	মন্তব্য
১	প্রকল্প প্রস্তাব প্রস্তুত ও জমা দেওয়া	১টি	০৫-৩০												
২	গ্রেডেশন বেইজ লাইন তথ্য সংগ্রহ	১৮টি		১১											
৩	ওয়ার্কশপ পরিচালনার প্রস্তুতি গ্রহণ			২৩-৩১	১-১৩										
৪	দিন ব্যাপি ওয়ার্কশপ	১			১৪										
৫	বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের মাঝে দায়িত্ব বন্টন করা।	১৮টি			১৪										
৬	বিদ্যালয়ভিত্তিক ইউনিয়ন পরিষদের নিকট দাবি উপস্থাপন	১টি			১৪										
৭	বিদ্যালয়ভিত্তিক উপজেলা পরিষদের নিকট দাবি উপস্থাপন	১টি			১৪										
৮	বিদ্যালয়ভিত্তিক জেলা পরিষদের নিকট দাবি উপস্থাপন	১টি			১৪										
৯	বিদ্যালয়ভিত্তিক শ্রেণি ও বিষয়ভিত্তিক শিক্ষা উপকরণ তৈরি, সংগ্রহ ও ক্রয়				১-১২										
১০	বিদ্যালয়ভিত্তিক শিক্ষা মেলার প্রস্তুতি				১৫-২০										
১১	প্রতি বিদ্যালয়ে র‍্যালি ও ২ দিন ব্যাপি শিক্ষা মেলা আয়োজন	১৮টি			২১,২২										

মধ্য হাজিখালী কোয়ালিটি ক্লাস্টার (Quality Cluster) বিনির্মাণ প্রকল্প (উদ্ভাবনী ধারণা) এর

সময় আবদ্ধ কর্মপরিকল্পনা

ক্র.ন.	কার্যাবলির বিবরণ	সংখ্যা	জানু'১৮	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগ	সেপ্টে	অক্টো	নভে	ডিসে	জানু ১৯	
১২	ইউনিয়ন পর্যায় শিক্ষক উৎসবের প্রস্তুতি		২৩-৩০													
১৩	ইউনিয়ন পর্যায়ে র‍্যালি ও শিক্ষক উৎসব	১টি	৩১													
১৪	বিদ্যালয়ে দানশীলদের নিয়ে সভা ও প্রতিশ্রুতি অর্জন	১৮টি		১৭-২২												
১৫	বিদ্যালয়ভিত্তিক স্থানীয় অনুদানের অগ্রগতি মূল্যায়ন সভা	৩৬টি														
১৬	ইউনিয়নভিত্তিক অগ্রগতি মূল্যায়ন সভা	৪টি			৩১			৩০			৩০			২৩		
১৭	ক্লাস্টার মুখপত্র (আলোর উঠান) প্রকাশ	৩টি				২৫				২৫				৩০		
১৮	বাৎসরিক প্রতিবেদন প্রকাশ	১টি												৩১		
১৯	ব্যক্তি ও প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান														১৫	
২০	বিদ্যালয় পর্যায়ে SLIP বাস্তবায়ন															
২১	বিদ্যালয় পর্যায়ে পাঠদান পদ্ধতির মানোন্নয়ন ।															
২২	ইউনিয়ন, উপজেলা ও জেলা পরিষদ ও শিক্ষা কর্মকর্তাদের সাথে যোগাযোগ															
২৩	বিদ্যালয় ও শিক্ষা বিভাগের নির্ধারিত স্বাভাবিক কার্যক্রম															
২৪	বিদ্যালয় পরিদর্শন ও অগ্রগতি পরীবিক্ষণ	১২০ টি		১০টি	১০টি	১০টি	১০টি	১০টি	১০টি	১০টি	১০টি	১০টি	১০টি	১০টি		

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মধ্য হাজিখালী ক্লাস্টার
পটুয়াখালী সদর, পটুয়াখালী।

মধ্য হাজিখালী কোয়ালিটি ক্লাস্টার (Quality Cluster) বিনির্মাণ প্রকল্প (উদ্ভাবনী ধারণা) এর

খাতভিত্তিক আয়- ব্যয় বিভাজন (বাজেট)

প্রাক্কলিত আয়ের বিবরণ			প্রাক্কলিত ব্যয়ের বিবরণ					
ক্র. ন.	আয়ের উৎস	টাকার পরিমাণ	ক্র. ন.	কার্যক্রমের বিবরণ	পরিমাণ / সংখ্যা	একক ব্যয়	মোট ব্যয়	মন্তব্য
১	ইউনিয়ন পরিষদ	২৬০০০	১	বেইজলাইন তথ্য সংগ্রহ	১৮	১০০	১৮০০	
২	স্থানীয় অনুদান	৮০০০	২	ওয়ার্কশপ (১৭৪ জনের)	১	৩২০০০	৩২০০০	
৩	উপজেলা পরিষদ	২০০০০	৩	শিক্ষক উৎসব (১৫০ জনের)	১	২৮০০০	২৮০০০	
৪	১৮টি বিদ্যালয়	৩৬০০০	৪	উপকরণ মেলা (প্রতি বিদ্যালয়ে)	১৮	২০০০	৩৬০০০	
৫	ইনোভেশন গ্রান্ড	৫০০০০	৫	অগ্রগতি মূল্যায়ন সভা	৪	৪০০০	১৬০০০	
			৬	ক্লাস্টার মুখপত্র (৫০ কপি করে)	৩	৪০০০	১২০০০	
			৭	পুরস্কার	১৩	-	৫০০০	
			৮	বাৎসরিক প্রতিবেদন প্রকাশ	১	৩০০০	৩০০০	
			৯	স্টেশনারি (ফরম ও অন্যান্য)	১	৩০০০	২০০০	
			১০	যোগাযোগ ও যাতায়াত	১	২০০০	২০০০	
			১১	বিবিধ	১	১২০০	২২০০	
	সর্বমোট আয়	১৪০০০০		সর্বমোট ব্যয়			১৪০০০০	

কথায়: টাকা এক লক্ষ চল্লিশ হাজার মাত্র

মো. শওকত আলী খান
সহকারী উপজেলা শিক্ষা অফিসার
পটুয়াখালী সদর, পটুয়াখালী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মধ্য হাজিখালী ক্লাস্টার
পটুয়াখালী সদর,   পটুয়াখালী।

মধ্য হাজিখালী কোয়ালিটি ক্লাস্টার (Quality Cluster) বিনির্মাণ প্রকল্প (উদ্ভাবনী ধারণা) এর প্রত্যাশিত ফলাফল ও প্রভাব

(ক) প্রকল্পের ফলাফল(Output):

প্রকল্পের ফলাফল নির্ণয়ের জন্য বিদ্যালয়ের এবং সমগ্র ক্লাস্টারের গুণগত ও পরিমাণগত পরিবর্তন নির্ণয় ও পরিমাপ করা হবে গ্রেডিং এর ক্ষেত্র ও উপক্ষেত্রের উন্নয়ন ও প্রাপ্ত নাম্বার বিবেচনা করে। এক্ষেত্রে ২০১৭ সালে বিদ্যালয় গ্রেডিং এ প্রাপ্ত নাম্বারকে ভিত্তি নাম্বার বিবেচনা করে প্রকল্প সমাপ্তি করে ২০১৯ সালে প্রাপ্ত বিদ্যালয় গ্রেডিং নাম্বার এর পার্থক্যকে প্রধান ফলাফল বিবেচনা করা হবে। এছাড়াও প্রকল্পের প্রত্যাশিত ফলাফল নিচে উল্লেখ করা হল।

১. ক্লাস্টারের প্রতিটি বিদ্যালয়ের গ্রেডিং এর উপক্ষেত্রের উন্নয়নের মধ্য দিয়ে বিদ্যালয়ের সার্বিক উন্নয়ন ঘটবে।
২. বিদ্যালয়ের ভৌত অবকাঠামো, পরিবেশ ও পাঠদান পদ্ধতির উন্নয়ন ঘটবে।
৩. বিদ্যালয়ের সাথে স্থানীয় জনগণ, জনপ্রতিনিধ ও স্থানীয় সরকারের মধ্যে সুসম্পর্ক গড়ে উঠবে।
৪. বিদ্যালয় ও ইউনিয়ন ব্যাপি শিক্ষার উন্নয়নে জনঅংশগ্রহণ বৃদ্ধি পাবে।
৫. বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা (SLIP) বাস্তবায়ন সহজতর ও ফলপ্রসূ হবে।
৫. বিদ্যালয়ের গ্রেডিং নাম্বার বৃদ্ধি পেয়ে প্রতি বিদ্যালয় ‘এ’ গ্রেডে উন্নিত হবে।
৬. চতুর্মাসিক ক্লাস্টার মুখপত্র প্রকাশিত হবে।

(খ) প্রাথমিক শিক্ষায় প্রকল্পের প্রভাব (Impact):

উপর্যুক্ত প্রত্যাশিত ফলাফল অর্জনের মাধ্যে ক্লাস্টারভুক্ত প্রতিটি বিদ্যালয়ের প্রাথমিক শিক্ষায় প্রকল্পের প্রভাব হবে সূদূরপ্রসারি। এই ফলাফল আর্জন ও প্রকল্পের সাফল্য অন্যান ক্লস্টরের নিকট অনুকরণীয় হবে। নিচে প্রাথমিক শিক্ষায় এই প্রকল্পের প্রভাব (Impact) উল্লেখ করা হল।

১. ক্লাস্টারের প্রতিটি বিদ্যালয়ের সার্বিক শিখন পরিবেশের উন্নয়ন হবে।
২. প্রতিটি বিদ্যালয়ের শিখন শেখানো পদ্ধতির উন্নয়ন হবে।
৩. প্রতিটি বিদ্যালয়ে পরিকল্পিতভাবে শ্রেণি ও বিষয়ভিত্তিক উপকরণে সমৃদ্ধ হবে যা পরবর্তী বছর ব্যবহার করতে পারবে।
৪. অভিজ্ঞতা বিনিময়ের মাধমে শিক্ষককের পেশাগত দক্ষতার উন্নয়ন ঘটবে এবং পারস্পরিক যোগাযোগ ও সৌহার্দপূর্ণ সম্পর্ক স্থাপন হবে।
৫. স্থানীয় সরকারের সাথে সুসম্পর্কের সূচনা হবে ফলে বিদ্যালয় ও প্রাথমিক শিক্ষায় তাদের অবদান ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে।
৬. সকলের অংশগ্রহণের মধ্য দিয়ে বিদ্যালয়ের প্রতি অংশীজনের অংশীদারিত্ব প্রতিষ্ঠা হবে।
৭. সর্বপরি বিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিত করণের ফলে ক্লাস্টারের সকল শিশু নির্ধারিত প্রান্তিক যোগ্যতা অর্জন করবে, ঝড়ে পরা রোধ হবে ও পরীক্ষার ফলাফল ভালো হবে।
৮. চর্তুমাসিক মুখপত্র প্রকাশের মাধ্যমে সৃজনশীলতার বিকাশ ঘটবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মধ্য হাজিখালী ক্লাস্টার
পটুয়াখালী সদর, পটুয়াখালী।

মধ্য হাজিখালী কোয়ালিটি ক্লাস্টার (Quality Cluster) বিনির্মাণ প্রকল্প (উদ্ভাবনী ধারণা) এর

পুরস্কার প্রদান নীতিমালা

প্রকল্পশেষে ২০১৯ সালে বিদ্যালয় গ্রেডিং শেষে নিচে উল্লিখিত বিষয় বিবেচনা করে ৩ টি প্রতিষ্ঠান ও ১০ জন ব্যক্তিকে অনুষ্ঠানিকভাবে পুরস্কৃত করা হবে।

(ক) ৩টি প্রতিষ্ঠানকে পুরস্কৃত করার নীতিমালা:

১. ২০১৭ সাথে প্রাপ্ত বিদ্যালয় গ্রেডিং এর নাম্বার ও ২০১৯ সালে প্রাপ্ত নাম্বারের মধ্য পার্থক্য নির্ণয় করে সর্বোচ্চ পার্থক্যনাম্বার প্রাপ্ত বিদ্যালয়কে 'শ্রেষ্ঠ পরীবর্তনশীল বিদ্যালয়' পুরস্কার প্রদান করা হবে।

২.বিদ্যালয়ভিত্তিক শিক্ষা উপকরণ মেলায় সর্বোচ্চ নাম্বার প্রাপ্ত বিদ্যালয় 'শিক্ষা উপকরণে শ্রেষ্ঠ বিদ্যালয়' পুরস্কার প্রদান করা হবে।

৩. প্রথম থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ' শিশু সাফল্যে শ্রেষ্ঠ বিদ্যালয়' পুরস্কার প্রদান করা হবে।

(খ) ১০ জন ব্যক্তিকে পুরস্কৃত করার নীতিমালা:

১. ইউনিয়নের শ্রেষ্ঠ শিক্ষা বান্ধব জনপ্রতিনিধি-১জন

২. ইউনিয়নের সর্বোচ্চ দানশীল ব্যক্তি- ১ জন

৩. ইউনিয়নের শ্রেষ্ঠ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এস.এম.সি.)র সভাপতি-১ জন

৪. ইউনিয়নের শ্রেষ্ঠ পিটিএ কমিটির সভাপতি -১ জন

৫. ইউনিয়নের শ্রেষ্ঠ এস.এম.সি.এর সসদ্য (মহিলা) ১ জন

৬. ইউনিয়নের শ্রেষ্ঠ এস.এম.সি.এর সসদ্য (পুরুষ) ১ জন

৭. ইউনিয়নের শ্রেষ্ঠ প্রধান শিক্ষক-১ জন

৮. ইউনিয়নের শ্রেষ্ঠ সহকারী শিক্ষক (মহিলা)-১ জন

৯. ইউনিয়নের শ্রেষ্ঠ সহকারী শিক্ষক (পুরুষ)-১ জন

১০. ইউনিয়নের শ্রেষ্ঠ অফিস সহায়ক- ১ জন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মধ্য হাজিখালী ক্লাস্টার
পটুয়াখালী সদর, পটুয়াখালী।

মধ্য হাজিখালী কোয়ালিটি ক্লাস্টার (Quality Cluster) বিনির্মাণ প্রকল্প (উদ্ভাবনী ধারণা) এর

ওয়ার্কশপ চেকলিস্ট

১. অংশগ্রহণকারী ১৭৪ জন:

(ক) জেলা পরিষদের সদস্য-১ জন
(খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান -৩ জন
(গ) উপজেলা নির্বাহী অফিসা-১ জন
(ঘ) উপজেলা শিক্ষা অফিসার- ১ জন
(ঙ) সহকারী উপজেলা শিক্ষা অফিসার-২ জন
(চ) ইউনিয়ন পরিষদের সকল সদস্য-১৩ জন
(ছ) ১৮টি বিদ্যালয়ে SMC র সভাপতি-১৮ জন
(জ) ১৮টি বিদ্যালয়ের PTA র সভাপতি-১৮ জন
(ঝ) ১৮টি বিদ্যালয়ের সকল শিক্ষক-৮৯ জন
(ঞ) ১৮টি বিদ্যালয়ের SMC র মাধ্যমিক শিক্ষক প্রতিনিধি- ১৮ জন
(ট) বিদ্যালয়ের অফিস সহায়ক-১০ জন

২. ওয়ার্কশপ উপকরণ

(ক) বিদ্যালয় গ্রেডিং নীতিমালা
(খ) বিদ্যালয় গ্রেডিং ফরম
(গ) বিদ্যালয় গ্রেডিং নির্দেশনা
(ঘ) SLIP গাইডলাইন-২০১৬
(ঙ) বিদ্যালয়ের মাসিক তথ্য বিবরণী

৩. ওয়ার্কশপ স্টেশনারি

(ক) ওয়ার্কশপে অংশগ্রহণের চিঠি
(খ) ওয়ার্কশপ ব্যানার
(গ) অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশন ফরম
(ঘ) বিদ্যালয় গ্রেডিং উপক্ষেত্র বিশ্লেষণ তথ্য ছক
(ঙ) ওয়ার্কশপ রেজুলেশন ছক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মধ্য হাজিখালী ক্লাস্টার
পটুয়াখালী সদর, পটুয়াখালী।

মধ্য হাজিখালী কোয়ালিটি ক্লাস্টার (Quality Cluster) বিনির্মাণ প্রকল্প (উদ্ভাবনী ধারণা) এর

শিক্ষক উৎসব পরিকল্পনা

১. পাঠ্যপুস্তক পাঠ: প্রতি শিক্ষককে সম্পূর্ণ পাঠ্যপুস্তক পাঠ শেষে প্রশ্ন প্রণয়ন করে নিয়ে আসতে হবে। রুটিনে যে শিক্ষকের যে বিষয় রয়েছে সেই শিক্ষক নিজ হাতে প্রশ্ন প্রণয়ন করবেন। প্রতি বিদ্যালয় হতে, চতুর্থ শ্রেণির, প্রতি বিষয়ের ৪০% পাঠ্যাংশ থেকে এক সেট প্রশ্ন প্রণয়ন করতে হবে। প্রশ্ন প্রণয়ণ শেষে মার্কিং স্কিম তৈরি করে সাথে জমা দিতে হবে। প্রশ্নপত্রের নিচে শিক্ষকের নাম, পদবি, বিদ্যালয়ের নাম ও মুঠোফোন নাম্বার লিখতে হবে।
সম্পূর্ণ পাঠ্যপুস্তক পাঠের ওপর মূল্যায়ন করে ‘সেরা বিষয়জ্ঞানী শিক্ষক’ পুরস্কার প্রদান করা হবে।

২. শিক্ষা উপকরণ:

প্রতি বিদ্যালয়ের একসেট (৬টি) শিক্ষা উপকরণ রেজিস্ট্রার নির্দেশনা অনুসারে তৈরি ও হালফিল করে সাথে নিয়ে আসতে হবে। সাথে ভিন্ন কাগজে টপসিট জমা দিতে হবে। প্রতি বিদ্যালয় হতে কমপক্ষে ১০টি সেরা মানের, ব্যতিক্রম ও আকর্ষণীয় শিক্ষা উপকরণ সাথে নিয়ে আসতে হবে।

৩. ফলাফল: প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা- ২০১৬ সহ বার্ষিক পরীক্ষার ফলাফলের টপসিট জমা দিতে হবে।

৪. শিশু প্রতিভা: প্রতি বিদ্যালয় হতে ৬ জন শিশুর হাতে আঁকা ছবি ‘(একটি আর্ট পেপারের অর্ধেক মাপের) বাঁধাই করে নিয়ে আসতে হবে। ছবির নিচে শিশুর নাম, শ্রেণি, রোল ও বিদ্যালয়ের নাম উল্লেখ করতে হবে। প্রতি বিদ্যালয় হতে ৪ জন শিশুর হাতে তৈরি কারু শিল্পকর্ম সাথে নিয়ে আসতে হবে এবং যার উপর শিশুর নাম, শ্রেণি, রোল ও বিদ্যালয়ের নাম উল্লেখ করতে হবে।

৫. শিক্ষক ছুটি: প্রতি শিক্ষকের ২০১৭ সালে ভোগ করা নৈমিত্তিক ছুটির সংখ্যা উল্লেখ্য করে তথ্য জমা দিতে হবে।

৬. চেকলিস্ট : বিদ্যালয়ের জন্য সর্বরাহকৃত চেকলিস্টে প্রয়োজনীয় টিক (√) চিহ্ন বা নাম্বার দিয়ে জমা দিতে হবে।

৭. শিক্ষকের পোশাক: শিক্ষক উৎসবে শিক্ষককে পরিপাটি পোশাকে উপস্থিত হতে হবে।